

বিমানবন্দরে হারানো পাসপোর্ট ফিরে পেয়ে আবেগাপ্লুত যাত্রী

- A Monitor Desk Report

Date: 13 March, 2025



চট্টগ্রাম: দুবাই থেকে আগত নুরুল আমিন নামের এক যাত্রীর হারানো পাসপোর্ট শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দরের কার পার্কিং এলাকায় উদ্ধার করে ফিরিয়ে দেওয়া হয়েছে।

শাহ আমানত বিমানবন্দরের জনসংযোগ কর্মকর্তা প্রকৌশলী মোহাম্মদ ইব্রাহীম খলিল বিষয়টি সংবাদমাধ্যমকে নিশ্চিত করেছেন।

তিনি জানান, রাউজানের দলইনগরের ওই যাত্রী মায়ের জানাজায় অংশ নিতে ইউএস বাংলা এয়ারলাইন্সের একটি ফ্লাইটে দেশে এসেছিলেন মঙ্গলবার (১১ মার্চ) সন্ধ্যা সোয়া সাতটায়। বিমানবন্দরের আনুষ্ঠানিকতা শেষ করে তার ব্যাগেজ নিয়ে টার্মিনাল থেকে বের হয়ে যাত্রী পার্কিং এলাকায় এসে চটজলদি গাড়িতে ওঠেন।

মায়ের শোকে অবচেতন মনে তিনটি (দু'টি পুরোনো) পাসপোর্ট ট্রলিতে রেখে বাড়িতে চলে যান তিনি।

বুধবার (১২ মার্চ) সকাল ৮টা পর্যন্ত বিষয়টি তিনি জানতেন না। ডিউটিরত অত্র বিমানবন্দরের সহকারী নিরাপত্তা কর্মকর্তা ইব্রাহিমের টহল টিম পাসপোর্ট তিনটি পার্কিং এলাকায় ট্রলিতে দেখতে পান। তাৎক্ষণিকভাবে ইব্রাহিম যাত্রী নুরুল আমিনের পাসপোর্টে দেওয়া মোবাইল নম্বরে যোগাযোগ করলে সেটি বন্ধ পান।

এরপর তিনটি পাসপোর্টের অপর একটিতে থাকা আরেকটি নম্বরে তিনি যোগাযোগ করলে যাত্রীর ভাবি কল রিসিভ করেন। সহকারী নিরাপত্তা কর্মকর্তা ইব্রাহিম যাত্রী নুরুল আমিনকে বিমানবন্দরে এসে তার পাসপোর্ট বুকে নেওয়ার অনুরোধ জানান।

এরপর নুরুল আমিন বিমানবন্দরে এসে দুপুর সাড়ে ১২টায় নিরাপত্তা শাখায় যোগাযোগ করলে তাকে নিরাপত্তা প্রহরী অফিসে এনে পাসপোর্ট তিনটি বুঝিয়ে দেওয়া হয়। পাসপোর্ট হাতে পেয়ে নুরুল আমিন আবেগাপ্লুত হয়ে পড়েন এবং এ ধরনের যাত্রীবান্ধব সেবা যেন সব সময় চালু থাকে সেই আশাবাদ ব্যক্ত করেন।

